## খালিয়াজুরী উপজেলা পরিষদের মার্চ/ ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| উপজেলা পরিষদ | খালিয়াজুরী |
| সভার তারিখ ও সময় | ২৩/০৩/২০২২ সময়: দুপুর ১২.০০ ঘটিকা |
| সভাপতি | জনাব মো: রাব্বানী জব্বার,চেয়ারম্যান, উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভার কাজ পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত ১৮/১০/২০২১ খ্রি:তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা:

| ক্র: নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন যে,খালিয়াজুরী উপজেলা অধিকাংশ বোরধানের জমিতে ভূ-উপরিস্থ পানির মাধ্যমে সেচ দেয়া হয়। কিন্তু বর্তমান সময়ে খাল,বিল,নালা ও বিভিন্ন জলাধার গুলো আগের চেয়ে অনেক আগেই শুকিয়ে যাচ্ছে। ফলে বোর ধান উৎপাদনের জন্য ধানের যে পর্যায়ে জমিতে পানি থাকা বাঞ্চনিয় সেই সময় সেচ দিতে পারছে না। এই সকল এলাকায় ভূ-গর্ভস্থ পানির স্তর ও অনেক নিচে থাকায় কৃষক শ্যালো টিউবওয়েল দিয়েও পানি উঠাতে সক্ষম নয়। তাই উপজেলা প্রশাসন,উপজেলা পরিষদ,ইউনিয়ন পরিষদ সহ সকল দায়িত্বশীল ব্যক্তিবর্গকে অনুরোধ করব দ্রুত হাওরের এই খাল,বিল,নালা সহ বিভিন্ন জলাধারগুলো খননের জন্য উদ্যোগ নিতে। অন্যথায় আগামী ৫-৭ বছরের মধ্যে হাওরের এই বিশাল এলাকায় ফসল ফলানো সম্ভব হবে না। | সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী বলেন যে তিনি ০৩/০৩/২০২২ খ্রি: তারিখে খালিয়াজুরী যোগদান করেছেন। যোগদান করার পর বিভিন্ন জায়গায় পরিদর্শন করেছেন। ১০ তারিখে টেন্ডার নোটিশ করেছি। যাহা প্রথম সপ্তাহে কাজ করতে পারি। এলজিডি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আমরা চেষ্টা করতেছি,হিলিফ এলাকায় রাখার জন্য গেয়েছি এবং পরিকল্পনা করেছি। এব্যাপারে জনাব অআবুল কালাম,চেয়ারম্যান,চাকুয়া ইউপি জানতে চান। কোন ইউনিয়নে হিলিফের কাজ হওয়ার কথা ছিল। হাতিলা শিবির যাচাই বাছাই করে মতামত দেয়ার জন্য। পাচহাট,গুছিখাই,কৃষ্ণপুর কাজ হচ্ছে কিনা তাহা জানানোর জন্য। উপজেলা ভাইসচেয়ারম্যান মহোদয় বলেন যে,খালিয়াজুরী সদরে একটা মাঠ আছে। হরিমন্দিরের পাশে একটা ড্রেইন আছে।তাহা পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করেন। | সকল প্রস্তাব বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে,২০২১-২০২২ অর্থ বছরের কাজ স্বাভাবিক রয়েছে। আগামী ০১ মাসের মধ্যে সকল উন্নয়নমূলক কার্যক্রম সমাপ্ত হবে। দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক ইউনিয়নের মাটির রাস্তার আইডি নির্ধারন করতে হবে। এ কার্যক্রমকে সুন্দরভাবে সমাপ্ত করার জন্য ২০২১-২০২২ এর সকল প্রকল্প সমূহের মধ্যে স্থায়ী নাম ফলক স্থাপন করতে হবে। এ অনুযায়ী সকল প্রকল্প সভাপতি ও সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হল। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বলেন যে, আমি যোগদান করে দেখতে পেলাম ছোট একটা স্লিপের মাধ্যমে ঔষধ দেয় তাও আবার রেখে দেয়। যাহা ঔষধ খাওয়ার কোন ব্যবস্থা নাই। আল্ট্রাসনোগ্রাম মেশিন উদ্বোধন করতে চাই। তাতে একজন মেডিকেল অফিসার ২০০/- টাকা করে নিতে পারে সকলের সম্মতি দিলে ব্যবস্থা করা যায়। প্যাথলজি,এক্সরে মেশিন নষ্ট সিভিল সার্জন মহোদয়ের সাথে আলাপ হয়েছে মেরামতের ব্যবস্থা করা হবে। কোভিড-১৯ টিকা আবার শুরু | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে।২৮-৩০ বয়স পর্যন্ত টিকার কার্যক্রম চলবে। | | |
| ০৫ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে,তার কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নাই। রসুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ভবনের চারদিক মাটি ভরাট করা প্রয়োজন। এছাড়া নদী ভাংগনের কবল থেকে বিদ্যালয়টি রক্ষার জন্য প্রয়োজনীয় গ্রহণ করার জন্য সভায় বিষয়টি উপস্থাপন করা হল। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার |
| ০৬ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার বলেন যে,ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ উপলক্ষে ২৬ ডিসেম্বর/২০২১ তারিখে ৪র্থ ধাপে ০৪ টি ইউনিয়নের এবং ৩১ জানুয়ারি/ ২০২২ তারিখে ৬ষ্ট ধাপে খালিয়াজুরী ও মেন্দিপুর ইউনিয়নে ইবিএম এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তা/কর্মচারী,রাজনৈতিক ব্যাক্তিবর্গ ,সাংসাদিকবৃন্দ,প্রতিদ্বন্দী প্রার্থী ও সাধারন ভোটারগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। একটি সুষ্ঠু,সুন্দর,অবাধ ,নিরপেক্ষ এবং সকলের নিকট গ্রহণযোগ্য একটি নির্বাচন উপহার আন্তরিকতার সহযোগীতা প্রদানের জন্য। | এব্যাপারে সকলের সহযোগীতার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ০৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার বলেন যে,আমার অফিসের কোন সমস্যা নাই। অফিসের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | আরো ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৮ | পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বলেন যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রত্যেকটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে জনবল সংকট চরম আকার ধারন করেছি।একজন পরিবার কল্যান পরিদর্শিকা ও একজন এসএসিএমও দ্বারা কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। কৃষ্ণপুর এবং চাকুয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ডেলিভারী কার্যক্রম চালু আছে। সেই সাথে নগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে সপ্তাহে দুই দিন সেবা কার্যক্রম চালু করা হয়েছে। কৃষ্ণপুর এবং চাকুয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেছি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে রেফ্রেজারেটর সহ কিছু মালামাল ও রাস্তা মেরামত করে দেয়ার জন্য অনুরোধ করা হল। | প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা প: পরিক: অফিসার |
| ১০ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন যে,আমার অফিসটি বর্তমানে সেই আমলের কোর্ট বিল্ডিং এ অবস্থান। কিন্তু পরিতাপের বিষয় এই যে,কোর্ট ভবনের অবস্থা খুবই খারাপ। প্রতিটি কক্ষ দরজা জানালার অবস্থা খুবই খারাপ। বর্ষার সময় অফিসের ভিতরে পানি পড়ে। সে সময় অফিস করা খুবই কষ্টকর। দরজা জানালা ভাল না থাকায় যে কোন সময় চুরি হয়ে যেতে পারে। গত অর্থ বছরে অফিসের খরচের খাত হতে ছাদের কিছু কাজ করেছিলাম। তার পরও ছাদের সমস্যা সমাধান হয়নি। আমাকে পরিষদের দুটি রোম বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করছি। | প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১১ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপসহকারী প্রকৌশলী ,জনস্বাস্থ্য বলেন যে,তার অফিসের কোন সমস্যা নাই। অফিসের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | ভাল ভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১২ | প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা বলেন যে,তার অফিসের স্বাভাবিক কার্যক্রম ,চিকিৎসা,কৃত্রিম প্রজনন,টিকা প্রদান,খামারী প্রশিক্ষণ ইত্যাদি যথাযথ ভাবে চলছে। তিনি আরও বলেন যে, প্রাণী সম্পদ অফিস উপজেলা সদর থেকে দুরে থাকার কারনে বিভিন্ন ইউনিয়নে টিকা সরবরাহ করা খুবই কঠিন। তাই তিনি প্রস্তাব করেন যে,প্রতিটি ইউনিয়ন পরিষদে যদি টিকা রাখার জন্য ফ্রিজের ব্যবস্থা করা হয় তাহা হলে জনগণ খুব সহজে টিকা ইউনিয়ন পরিষদ থেকে নিতে পারবে। | নীতিমালা অনুযায়ী ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে,শিক্ষার সার্বিক পরিস্থিতি ভাল। বিগত ১৫/০৩/২০২২ খ্রি: তারিখ হতে পুরোপুরি স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানগুলোতে ক্লাশ পরিচালিত হচ্ছে। আর একটি সুখবর হলো ৬,৭,৮ মার্চ ২০২২ তারিখে সারা বাংলাদেশে অন লাইনে পরীক্ষা চলছে। ৬৮০ প্রতিষ্ঠানের মধ্যে ১৩৬০ জন শিক্ষার্থী পরীক্ষা নেয়া হয়। যা পরবর্তী | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সময়ে সারাদেশে পরিচালিত হবে। এসডিজি ৪ বাস্তবায়নের সহায়তা যা করবে। | | |
| ১৪ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে,২০২১-২২ অর্থ বছরে শত ভাগ ভাতার কার্যক্রমের আওতায় ৩য় কিস্তি পেরোল প্রেরণ করা হয়েছে। এ ছাড়া সকল ভাতার তালিকা ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে। কোন ব্যক্তি মৃত থাকলে বা ভাতার অযোগ্য থাকলে দ্রুত প্রতিস্থাপন তালিকা সহ সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। এছাড়া কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৫ | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান বলেন যে,তার অফিসের বাথরুম টয়লেট নষ্ট হয়ে গেছে। জরুরী ভিত্তিতে মেরামত করা দরকার। | নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৬ | চেয়ারম্যান ,মেন্দিপুর ইউপি | চেয়ারম্যান,মেন্দিপুর ইউপি বলেন যে,আমার ইউনিয়নে কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মেন্দিপুর ইউপি |
| ১৭ | চেয়ারম্যান, চাকুয়া | চেয়ারম্যান,চাকুয়া ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্যা নাই। অফিসের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান চাকুয়া ইউপি |
| ১৮ | চেয়ারম্যান ,নগর ইউপি | চেয়ারম্যান,নগর ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্য নাই। কাজ কর্ম সঠিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান নগর ইউপি |
| ১৯ | চেয়ারম্যান, কৃষ্ণপুর ইউপি | চেয়ারম্যান,কৃষ্ণপুর ইউপি বলেন যে, কৃষ্ণপুর ইদগাহ মাঠ হতে কল্যানপুর প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তার প্রতিরক্ষা হিসাবে যে ব্লক বসানো হয়েছিল,তা গত বর্ষার আফালে ভেংগে গিয়েছে। যদি এই রাস্তার প্রতিরক্ষা পুণ: সংস্কার করা না হয় তাহা হলে আমাদের কৃষ্ণপুরের রাস্তাটি আগামী বর্ষায় আফালে ভেংগে যাবে।তাই এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হল। | বিষয়টি ভালভাবে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২০ | চেয়ারম্যান খালিয়াজুরী ইউপি | চেয়ারম্যান,খালিয়াজুরী ইউপি বলেন যে,তার কোন সমস্যা নাই। অফিসের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান খালিয়াজুরী ইউপি |
| ২২ | চেয়ারম্যান গাজীপুর ইউপি | চেয়ারম্যান,খালিয়াজুরী ইউপি বলেন যে,তার কোন সমস্যা নাই। অফিসের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান গাজীপুর ইউপি |
| ২২ | হাট বাজার সম্পর্কে আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ১২ টি বাজারের মধ্যে ০২ টি বাজার ইজারার ডাতে অংশ গ্রহণ করেছে। লিপসিয়া বাজার ইজারা ডাক হয়েছে-৭৬,০০,০০০/- টাকা যা সরকারি কাংখিত মূল্য ছিল ৫৪,১৫,১৫১/- এবং কৃষ্ণপুর বাজার ইজারা হয়েছে ৭০,৩০০/- যা সরকারি কাংখিত মূল্য ছিল ১৬,৫৩৭/- দুটি বাজারই কাংখিত মুল্যের চেয়ে বেশি হওয়ায় ইজারাদারদের নিকট ইজারা প্রদানের প্রস্তাব করেন। | যেহেতু সরকারি কাংখিত মুল্যের চেয়ে বেশী হওয়ায় ইজারা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩ | ফেরিঘাট সম্পর্কে আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ১২ টি ফেরিঘাটের মধ্যে ০৬ টি ফেরিঘাট ইজারা ডাকে অংশ গ্রহণ করেছে। জিয়াখড়া বাজার নৌকাঘাট ডাক হয়েছে-২,৫৫,০০০/- টাকা যা সরকারি কাংখিত মূল্য ছিল ২,৪২,২০০/-, লেপসিয়া বাজার নৌকাঘাট ইজারা ডাক হয়েছে ৪,৬১,৫০০/- যা সরকারি কাংখিত মূল্য ছিল ২,৯০,৫৯১/-, কৃষ্ণপুর বাজার নৌকা ঘাট ইজারা হয় ৩,৩১,৬০০/- যা সরকারি কাংখিত মূল্য ছিল ৫৩,৬০০/-,মুসলিমপুর বাজার ইজারা হয় ৩২,০০০/- যা সরকারি কাংখিত মূল্য ছিল ১৯,৯৬৫/-,পাচহাট বাজার নৌকা ঘাট ইজারা হয় ২৭,৫৭৫/- যা সরকারি কাংখিত মুল্যের চেয়ে ২৫,৫৭৫/-টাকা যেহেতু ০৬ টি ফেরিঘাট সরকারি কাংখিত মুল্যের চেয়ে বেশী তাদের অনুকুলে ইজারা দেয়ার প্রস্তাব করেন। | যেহেতু সরকারি কাংখিত মুল্যের চেয়ে বেশী হওয়ায় ইজারা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪ | রাজস্ব ব্যয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে দেশে মহামারি আকার ধারন করায় জরুরী ভিত্তিতে ত্রান সামগ্রী ক্রয় করা প্রয়োজন। এতে ১,৫০,০০০/- টাকা ব্যয় করা যেতে পারে। | রাজস্ব তহবিল হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | রাজস্ব ব্যয় | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বলেন যে,খালিয়াজুরী উপজেলায় বিভিন্ন জায়গায় জরুরী ভিত্তিতে পরিষ্কার করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- টাকা ব্যয় করার প্রস্তাব করেন। | রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,০৬ টি ইউনিয়নে ০৬ টি ল্যাট্রিন স্থাপন কাজটি জায়গা সংক্রান্ত জটিলার দরুন কাজটি বাস্তবায়নে বিলম্ব হয়। তাই কাজটি যথাযথ ভাবে সমাপ্ত হওয়ায় কাজটি বাস্তবায়নের স্বার্থে উক্ত কাজের সময়সীমা ৩০/০৬/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত বর্দ্ধিত করনের জন্য প্রস্তাব করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে কাজের সময় সীমা ৩০/.০৬/২০২২ তারিখ বর্দ্ধিত করনের সময় গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা চেয়ারম্যান |

[illegible]
স্মারক নং-৮৫৫ তারিখ-২০/৭/২০২০

চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় বলেন যে,দেশে করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে। তাই সকলকে সচেতন থাকতে হবে। জন সমাবেশ হতে দেয়া যাবে না। সকলকে মাস্ক,জীবানুমুক্ত ঔষধ ব্যবহার ও সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে। বিনা প্রয়োজনে ঘর হতে বাহিরে না যাওয়ার পরামর্শ দেন। এ কারণে স্বল্প পরিসরে স্বল্প সময়ে কাজ সমাপ্ত করার করার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মো: রাব্বানী জব্বার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খালিয়াজুরী,নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৩৮.০০০.০০৬.১৮.২০-৩৪২ তারিখ: ২৩/০৩/২০২২খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে।

০১। মাননীয় সংসদ সদস্য ১৬০,নেত্রকোণা-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। জেলা প্রশাসক,নেত্রকোণা।
০৪। পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫। উপ পরিচালক,স্থানীয় সরকার,নেত্রকোণা।
০৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইসচেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৮। উপজেলা ....................... অফিসার,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৯। চেয়ারম্যান ....................... ইউপি (সকল),খালিয়াজুরী,নেত্রকোণা।
১০। সংশ্লিষ্ট নথি।

২৩.৩.২২

এ এইচ এম আরিফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
খালিয়াজুরী,নেত্রকোণা।
ফোন : ০৯৫২৬-৫৬০০১
ইমেইল: unokhaliajuri@yahoo.com